# জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতিকৃতি সম্বলিত
# বিভিন্ন মূল্যমানের ব্যাংক/কারেন্সীনোটের নিরাপত্তা বৈশিষ্ট্যসমূহ

## ২ টাকার নতুন কারেন্সীনোটের নিরাপত্তা বৈশিষ্ট্যসমূহ

১. অর্থ সচিব মোহাম্মদ তারেক স্বাক্ষরিত ১০০ × ৬০ মিলিমিটার সাইজের এ নোটটিতে জলছাপ হিসেবে ব্যবহৃত হয়েছে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি, উক্ত প্রতিকৃতির নীচে উজ্জ্বলতর ইলেক্ট্রোটাইপ '2' এবং প্রতিকৃতির বামপাশে বাংলাদেশ ব্যাংকের মনোগ্রাম।
২. নোটের কাগজের ভিতরে অবস্থিত ২ মিলিমিটার চওড়া এমবেডেড্ নিরাপত্তা সুতাটি আলোর বিপরীতে নোটের উভয় পিঠ হতে দেখা যাবে।







৩. নোটের সামনের দিকে বাম পাশে লাইন প্যাটার্ন এর সাথে অবস্থিত সরু রেখাটিতে অতি সুক্ষ্মভাবে BANGLADESH BANK শব্দদ্বয় পুনঃ পুনঃ মুদ্রিত রয়েছে যা শুধু আতশী কাঁচ দ্বারা দেখা যাবে।
৪. নোটের সামনের দিকে বঙ্গবন্ধুর প্রতিকৃতি এবং পটভূমি বা ব্যাকগ্রাউন্ডে হালকা রং এ জাতীয় স্মৃতিসৌধ মুদ্রিত রয়েছে।
৫. নোটের পিছনের দিকে কেন্দ্রীয় শহীদ মিনারের ছবি মুদ্রিত আছে।

## ৫ টাকার নতুন ব্যাংকনোটের নিরাপত্তা বৈশিষ্ট্যসমূহ

১. গভর্নর আতিউর রহমান স্বাক্ষরিত ১১৭ × ৬০ মিলিমিটার সাইজের এ নোটটিতে জলছাপ হিসেবে ব্যবহৃত হয়েছে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি, উক্ত প্রতিকৃতির নীচে উজ্জ্বলতর ইলেক্ট্রোটাইপ '5' এবং প্রতিকৃতির বামপাশে বাংলাদেশ ব্যাংকের মনোগ্রাম।
২. নোটের কাগজের ভিতরে অবস্থিত ২ মিলিমিটার চওড়া এমবেডেড্ নিরাপত্তা সুতাটি আলোর বিপরীতে নোটের উভয় পিঠ হতে দেখা যাবে।







৩. নোটের সামনের দিকে বাম পাশে লাইন প্যাটার্ন এর সাথে সরু রেখাটিতে অতি সুক্ষ্মভাবে BANGLADESH BANK শব্দদ্বয় পুনঃ পুনঃ মুদ্রিত রয়েছে যা শুধু আতশী কাঁচ দ্বারা দেখা যাবে।
৪. নোটের সামনের দিকে বঙ্গবন্ধুর প্রতিকৃতি এবং পটভূমি বা ব্যাকগ্রাউন্ডে হালকা রং এ জাতীয় স্মৃতিসৌধ মুদ্রিত রয়েছে।
৫. নোটের পিছনের দিকে নওগাঁস্থ কুসুম্বা মসজিদ এর ছবি মুদ্রিত আছে।

## ১০০ টাকার নতুন ব্যাংকনোটের বৈশিষ্ট্যসমূহ

**কাগজ ঃ**
নোটটি সিনথেটিক ফাইবার মিশ্রিত অধিক টেকসই কাগজে মুদ্রিত।

**জলছাপ ঃ**
কাগজে জলছাপ হিসেবে ব্যবহৃত হয়েছে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি; প্রতিকৃতির নিচে অতি উজ্জ্বল ইলেক্ট্রোটাইপ জলছাপে 100 লেখা আছে এবং জলছাপের বামপাশে বাংলাদেশ ব্যাংকের মনোগ্রামের উজ্জ্বলতর ইলেক্ট্রোটাইপ জলছাপ রয়েছে।

**রং পরিবর্তনশীল কালি ঃ**
উপরের ডানদিকের কোণায় (Optically Variable Ink) OVI অংশে 100 লেখাটি সরাসরি তাকালে সোনালী এবং তির্যকভাবে তাকালে সবুজ রং দেখা যাবে।

**রং পরিবর্তনশীল হলোগ্রাফিক সুতা ঃ**
নোটের বাম পাশে ৪ মিলিমিটার চওড়া নিরাপত্তা সুতা; যাতে বাংলাদেশ ব্যাংকের লগো ও '১০০ টাকা' লেখা আছে; সরাসরি তাকালে 'লগো' ও '১০০ টাকা' লেখা সাদা দেখাবে; কিন্তু পাশ থেকে দেখলে বা ৯০ ডিগ্রী-তে নোটটি ঘুরালে তা কালো দেখাবে।

**ইন্টাগ্লিও লাইন ঃ**
নোটের ডান দিকে আড়াআড়িভাবে ইন্টাগ্লিও কালিতে ৭ টি সমান্তরাল লাইন আছে; হাতের স্পর্শে এগুলো সহজেই অনুভব করা যাবে।




**অতি ছোট আকারের লেখা ঃ**
নিরাপত্তা সূতার বাম পাশে খালি চোখে ১টি সরলরেখা দেখা যাবে, যাতে 'BANGLADESH BANK' পুন: পুন: মুদ্রিত। লেখাগুলো অতি ছোট আকারের হওয়ায় আতশী কাঁচ ব্যতীত খালি চোখে দেখা যাবে না।

**অন্ধদের জন্য বিন্দু ঃ**
নোটের ডানদিকে অন্ধদের জন্য ৩টি ছোট বিন্দু রয়েছে যা হাতের স্পর্শে উঁচু-নিচু অনুভূত হবে।

**লুকানো ছাপা ঃ**
নোটের নিচের বর্ডারে সুপ্ত বা লুকানো অবস্থায় '১০০' মুদ্রিত আছে, নোটটি অনুভূমিকভাবে ধরলে লুকানো লেখাটি দেখা যাবে।

**পশ্চাদপট (Background) মুদ্রণ ঃ**
নোটের সামনের দিকে পটভূমি বা ব্যাকগ্রাউন্ডে হালকা অফসেটে জাতীয় স্মৃতিসৌধ মুদ্রিত রয়েছে।

**অসমতল ছাপা ঃ**
নোটের সামনের দিকে ইন্টাগ্লিও কালিতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি মুদ্রিত।




**নোটের পিছন ভাগ ঃ**
নোটের পিছনের দিকে ইন্টাগ্লিও কালিতে ঢাকার তারা মসজিদ মুদ্রিত আছে যা হাতের আঙ্গুলের স্পর্শে অসমতল অনুভূত হবে।

নোটের সাইজ ১৪০ X ৬২ মিলিমিটার।

নোটের উভয় পীঠের অধিকাংশ লেখা ও ডিজাইন (সামনে বর্ডার, বাংলা ১০০, ইংরেজী 100 , মধ্যভাগের লেখা, পেছনে তারা মসজিদ ও বর্ডার) ইন্টাগ্লিও কালিতে মুদ্রিত হওয়ায় হাতের আঙ্গুলের স্পর্শে সেগুলো অসমতল বা উঁচু-নিচু অনুভূত হবে।

## ৫০০ টাকার নতুন ব্যাংকনোটের বৈশিষ্ট্যসমূহ

**কাগজ ঃ**
নোটটি সিনথেটিক ফাইবার মিশ্রিত অধিক টেকসই কাগজে মুদ্রিত।

**জলছাপ ঃ**
কাগজে জলছাপ হিসেবে ব্যবহৃত হয়েছে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি; প্রতিকৃতির নিচে অতি উজ্জ্বল ইলেক্ট্রোটাইপ জলছাপে 500 লেখা আছে এবং জলছাপের বামপাশে বাংলাদেশ ব্যাংকের মনোগ্রামের উজ্জ্বলতর ইলেক্ট্রোটাইপ জলছাপ রয়েছে।

**রং পরিবর্তনশীল কালি ঃ**
উপরের ডানদিকের কোণায় (Optically Variable Ink) OVI অংশে 500 লেখাটি সরাসরি তাকালে লালচে এবং তির্যকভাবে তাকালে সবুজ রং দেখা যাবে।

**রং পরিবর্তনশীল হলোগ্রাফিক সুতা ঃ**
নোটের বাম পাশে ৪ মিলিমিটার চওড়া নিরাপত্তা সূতা; যাতে বাংলাদেশ ব্যাংকের লগো ও '৫০০ টাকা' লেখা আছে; সরাসরি তাকালে 'লগো' ও '৫০০ টাকা' লেখা সাদা দেখাবে; কিন্তু পাশ থেকে দেখলে বা ৯০ ডিগ্রী-তে নোটটি ঘুরালে তা কালো দেখাবে।

**ইন্টাগ্লিও লাইন ঃ**
নোটের ডান দিকে আড়াআড়িভাবে ইন্টাগ্লিও কালিতে ৭ টি সমান্তরাল লাইন আছে; হাতের স্পর্শে এগুলো সহজেই অনুভব করা যাবে।




**অতি ছোট আকারের লেখা ঃ**
নিরাপত্তা সূতার বাম পাশে খালি চোখে ১টি সরলরেখা দেখা যাবে, যাতে 'BANGLADESH BANK' পুন: পুন: মুদ্রিত। লেখাগুলো অতি ছোট আকারের হওয়ায় আতশী কাঁচ ব্যতীত খালি চোখে দেখা যাবে না।

**অন্ধদের জন্য বিন্দু ঃ**
নোটের ডানদিকে অন্ধদের জন্য ৪টি ছোট বিন্দু রয়েছে যা হাতের স্পর্শে উঁচু-নিচু অনুভূত হবে।

**লুকানো ছাপা ঃ**
নোটের নিচের বর্ডারে সুপ্ত বা লুকানো অবস্থায় '৫০০' মুদ্রিত আছে, নোটটি অনুভূমিকভাবে ধরলে লুকানো লেখাটি দেখা যাবে।

**পশ্চাদপট (Background) মুদ্রণ ঃ**
নোটের সামনের দিকে পটভূমি বা ব্যাকগ্রাউন্ডে হালকা অফসেটে জাতীয় স্মৃতিসৌধ মুদ্রিত রয়েছে।

**অসমতল ছাপা ঃ**
নোটের সামনের দিকে ইন্টাগ্লিও কালিতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি মুদ্রিত।




**নোটের পিছন ভাগ ঃ**
নোটের পিছনের দিকে ইন্টাগ্লিও কালিতে বাংলাদেশের কৃষি কাজের দৃশ্য মুদ্রিত আছে যা হাতের আঙ্গুলের স্পর্শে অসমতল অনুভূত হবে।

নোটের সাইজ ১৫২ X ৬৫ মিলিমিটার।

নোটের উভয় পীঠের অধিকাংশ লেখা ও ডিজাইন (সামনে বর্ডার, বাংলা ৫০০, ইংরেজী 500, মধ্যভাগের লেখা, পেছনে কৃষি কাজের দৃশ্য ও বর্ডার) ইন্টাগ্লিও কালিতে মুদ্রিত হওয়ায় হাতের আঙ্গুলের স্পর্শে সেগুলো অসমতল বা উঁচু-নিচু অনুভূত হবে।

## ১০০০ টাকার নতুন ব্যাংকনোটের বৈশিষ্ট্যসমূহ

**কাগজ ঃ**
নোটটি সিনথেটিক ফাইবার মিশ্রিত অধিক টেকসই কাগজে মুদ্রিত।

**জলছাপ ঃ**
কাগজে জলছাপ হিসেবে ব্যবহৃত হয়েছে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি; প্রতিকৃতির নিচে অতি উজ্জ্বল ইলেক্ট্রোটাইপ জলছাপে 1000 লেখা আছে এবং জলছাপের বামপাশে বাংলাদেশ ব্যাংকের মনোগ্রামের উজ্জ্বলতর ইলেক্ট্রোটাইপ জলছাপ রয়েছে।

**রং পরিবর্তনশীল কালি ঃ**
উপরের ডানদিকের কোণায় (Optically Variable Ink) OVI অংশে 1000 লেখাটি সরাসরি তাকালে সোনালী এবং তির্যকভাবে তাকালে সবুজ রং দেখা যাবে।

**রং পরিবর্তনশীল হলোগ্রাফিক সুতা ঃ**
নোটের বাম পাশে ৪ মিলিমিটার চওড়া নিরাপত্তা সূতা; যাতে বাংলাদেশ ব্যাংকের লগো ও '১০০০ টাকা' লেখা আছে; সরাসরি তাকালে 'লগো' ও '১০০০ টাকা' লেখা সাদা দেখাবে; কিন্তু পাশ থেকে দেখলে বা ৯০ ডিগ্রী-তে নোটটি ঘুরালে তা কালো দেখাবে।

**ইন্টাগ্লিও লাইন ঃ**
নোটের ডান দিকে আড়াআড়িভাবে ইন্টাগ্লিও কালিতে ৭ টি সমান্তরাল লাইন আছে; হাতের স্পর্শে এগুলো সহজেই অনুভব করা যাবে।




**অতি ছোট আকারের লেখা ঃ**
নিরাপত্তা সূতার বাম পাশে খালি চোখে পরপর ২ টি সরলরেখা দেখা যাবে, যেগুলোর একটিতে '1000 TAKA' এবং অন্যটি 'BANGLADESH BANK' পুন:পুন: মুদ্রিত আছে। লেখাগুলো অতি ছোট আকারের হওয়ায় আতশী কাঁচ ব্যতীত খালি চোখে দেখা যাবে না।

**অন্ধদের জন্য বিন্দু ঃ**
নোটের ডানদিকে অন্ধদের জন্য ৫টি ছোট বিন্দু রয়েছে যা হাতের স্পর্শে উঁচু-নিচু অনুভূত হবে।

**লুকানো ছাপা ঃ**
নোটের নিচের বর্ডারে সুপ্ত বা লুকানো অবস্থায় '১০০০' মুদ্রিত আছে, নোটটি অনুভূমিকভাবে ধরলে লুকানো লেখাটি দেখা যাবে।

**পশ্চাদপট (Background) মুদ্রণ ঃ**
নোটের সামনের দিকে পটভূমি বা ব্যাকগ্রাউন্ডে হালকা অফসেটে জাতীয় স্মৃতিসৌধ মুদ্রিত রয়েছে।

**অসমতল ছাপা ঃ**
নোটের সামনের দিকে ইন্টাগ্লিও কালিতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতি মুদ্রিত।




**ইরিডিসেন্ট স্ট্রাইপ ঃ**
নোটের পিছনের দিকে ইরিডিসেন্ট ব্যান্ড বা স্ট্রাইপে BANGLADESH BANK লেখা আছে; নোটটি নাড়াচড়া করলে এর রং পরিবর্তন হয়।

**নোটের পিছন ভাগ ঃ**
নোটের পিছনের দিকে ইন্টাগ্লিও কালিতে জাতীয় সংসদ ভবন মুদ্রিত আছে যা হাতের আঙ্গুলের স্পর্শে অসমতল অনুভূত হবে।

নোটের সাইজ ১৬০ X ৭০ মিলিমিটার।

নোটের উভয় পীঠের অধিকাংশ লেখা ও ডিজাইন (সামনে বর্ডার, বাংলা ১০০০, ইংরেজী 1000, মধ্যভাগের লেখা, পেছনে সংসদ ভবন ও বর্ডার) ইন্টাগ্লিও কালিতে মুদ্রিত হওয়ায় হাতের আঙ্গুলের স্পর্শে সেগুলো অসমতল বা উঁচু-নিচু অনুভূত হবে।

### ব্যাংকনোটের ব্যবহার সম্পর্কে সচেতন হোন
### নোট জালকারীচক্রের প্রতারণা থেকে নিজেকে রক্ষা করুন

বাংলাদেশ ব্যাংক

www.bangladeshbank.org.bd → bank note & coins → security features

GD - 4046